

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd


স্মারক নং-৩৮.০০.০১.০০০০.১৪৫.৯৯.০২৪.২০১৯/৪৯৮(৬৬১)

তারিখ: ০৫ কার্তিক ১৪২৬
২১ অক্টোবর ২০১৯

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে কর্মস্থল ত্যাগের অনুমতি না দেয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ অক্টোবর, ২০১৯ তারিখ পবিত্র আখেরী চাহার সোম্বার বিদ্যালয় ছুটির দিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় শিক্ষক সংগঠন বিভিন্ন দাবী নিয়ে ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে আন্দোলনের নামে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেন মর্মে জানা যায়।

এমতাবস্থায় তাঁর আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোন শিক্ষককে উক্ত ছুটি উপলক্ষে কর্মস্থল ত্যাগের অনুমতি না দিতে নির্দেশনা প্রদান করা হলো।



(ড. এ এফ এম মনজুর কাদির)
মহাপরিচালক

বিতরণ:-

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/রাজশাহী বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পি, টি, আই (সকল)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি:

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত মহাপরিচালকদের ব্যক্তিগত সহকারি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালকদের অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।